

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৩১, ২০১৯

[একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

সিটি কর্পোরেশন-১ শাখা

আদেশ

তারিখ : ০১ কার্তিক ১৪২৬/১৭ অক্টোবর ২০১৯

নং ৪৬.০৭০.০৪৬.০০.০০.১৪২.২০১১.১৩৪৭—যেহেতু, আপনি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৯ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর; এবং

যেহেতু, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে এই মর্মে অভিযোগ পাওয়া গিয়েছে যে, আপনি যুক্তিসঙ্গত কারণ প্রদর্শন ব্যতিরেকে কর্পোরেশনের ১৮টি সভার মধ্যে ১৩টি সভায় অনুপস্থিত ছিলেন। এর মধ্যে একনাগারে ৩ বার (১ম—৩য় সভায় পর পর), ৪ বার (৭ম—১০ম) ও ৬ বার (১২তম হতে ১৭তম) সভায় অনুপস্থিত ছিলেন এবং আপনি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে বিদেশে গমন ও অবস্থান করেছেন; এবং

যেহেতু, উল্লিখিত বিষয়ে আত্মপক্ষ সমর্থনে জবাব প্রদানের জন্য আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়েছিল এবং আপনি জবাব দাখিল করেছেন। কিন্তু, আপনি আত্মপক্ষ সমর্থনে যৌক্তিক প্রমাণ উপস্থাপন করতে পারেননি; এবং

(২৪৫২৯)

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সরেজমিন তদন্তের জন্য সরকার কর্তৃক একজন তদন্ত কর্মকর্তা নিয়োজিত করা হয় এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে; এবং

যেহেতু, আপনার উল্লিখিত কর্মকাণ্ড স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৩ এর উপ-ধারা (১) এর (ক), (ঘ) ও (চ) অনুযায়ী কাউন্সিলর পদ হতে অপসারণযোগ্য অপরাধ।

সেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৩ এর উপ-ধারা (২) অনুযায়ী আপনাকে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৯ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদ হতে অপসারণ করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

হেলালুদ্দীন আহমদ
সচিব।